

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭২৫

৮/ সাওম (রোজা) (ﷺ ১০) সাওম (রোজা) (১৯) পরিচ্ছেদঃ সিয়াম অবস্থায় (নিজ স্ত্রীকে) চুম্বন করা।

باب مَا جَاءَ فِي الْقُبْلَةِ لِلصَّائِم

আরবী

حَدَّثَنَا هَنَادٌ، وَقُتُيْبَةُ، قَالاَ حَدَّثَنَا أَبُو الأَحْوَصِ، عَنْ زِيَادِ بْنِ عِلاَقَةَ، عَنْ عَمْرِو بْنِ مَيْمُونِ، عَنْ عَائِشَةَ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم كَانَ يُقَبِّلُ فِي شَهْرِ الصَّوْمِ. قَالَ وَفِي الْبَابِ عَنْ عُمْرَ بْنِ الْخَطَّابِ وَحَفْصَةَ وَأَبِي سَعِيدٍ وَأُمِّ سَلَمَةَ وَابْنِ عَبَّاسٍ وَأَنسٍ وَأَبِي هُرَيْرَةَ . عَنْ عُمْرَ بْنِ الْخَطَّابِ وَحَفْصَةَ وَأَبِي سَعِيدٍ وَأُمِّ سَلَمَةَ وَابْنِ عَبَّاسٍ وَأَنسٍ وَأَبِي هُرَيْرَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَائِشَةَ حَدِيثٌ حَسَنٌ صَحَدِيثٌ . وَاخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ فِي الْقُبْلَةِ لِلصَّائِمِ فَرَخَّصَ بَعْضُ أَهْلُ الْعِلْمِ الْقَبْلَة تَنْقُصُ الأَجْرَ وَلاَ تُغْطِرُ صَعَى الله عليه وسلم فِي الْقُبْلَةِ لِلشَّيْخِ وَلَمْ يُرَخِّصُوا لِلشَّابِ مَخَافَةَ أَنْ لاَ يَسْلَمَ لَهُ صَوْمُهُ وَالْمُبَاشَرَةُ عِنْدَهُمْ أَشَدُّ . وَقَدْ قَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ الْقَبْلَةُ تَنْقُصُ الأَجْرَ وَلاَ تُفْطِرُ لَا صَعْمُهُ وَالْمُبَاشَرَةُ عِنْدَهُمْ أَشَدُّ . وَقَدْ قَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ الْقَبْلَةُ تَنْقُصُ لَا الْجُرَ وَلاَ تُفْطِرُ لَاصَائِم إِذِا لَمْ يَالْمَالُهُ مَنْ عَلَى نَفْسِهِ تَرَكَ الْقُبْلَةَ لِلسَّامَ لَهُ صَوْمُهُ . وَهُو قَوْلُ سُفْيَانَ التَّوْرِيِّ وَالشَّافِعِيِّ .

বাংলা

৭২৫. হারাদ ও কুতায়রা (রহঃ) আয়িশা (রাঃ) থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সিয়ামের মাসে তাকে (সিয়াম অবস্থায়) চুম্বন করতেন। - ইবনু মাজাহ ১৬৮৩, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৭২৭ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে উমার ইবনু খাত্তাব, হাফসা, আবূ সাঈদ, উন্মে সালামা, ইবনু আব্বাস, আনাস ও আবূ হুরায়রা (রাঃ) থেকেও হাদিস বর্নিত আছে। ইমাম আবূ ঈসা বলেন, আয়িশা (রাঃ) হতে বর্ণিত হাদিসটি হাসান সহীহ। সায়িমের চুম্বন করা বিষয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর আহলে ইলম সাহাবী ও আলিমদের মতভেদ রয়েছে। কোন কোন সাহাবী বৃদ্ধদের ক্ষেত্রে এর অনুমতি দিয়েছেন। কিন্তু যুবকদের ক্ষেত্রে এর অনুমতি দেননি; এই আশংকায় যে, এতে হয়ত বা এরা তাদের সাওম হিফাজত করতে পারবে না। আর স্ত্রী আলিঙ্গন করার বিষয়টি তাদের মতে আরো মারাত্মক। কোন কোন আলিম বলেন, চুম্বনে সাওয়াব কমে যায়, কিন্তু সাওম ভঙ্গ হবে না।



তারা মনে করেন; সায়িম ব্যক্তি নিজের নফসের উপর নিয়ন্ত্রণে সক্ষম হলে চুম্বন করতে পারে। আর যদি তার নফসের ব্যাপারে আস্থা না থাকে তবে সে তা পরিত্যাগ করবে; যাতে সাওমের হিফাযত হয়। এ হলো সুফিয়ান সাওরী ও শাফিঈ (রহঃ) এর অভিমত।

English

Aishah narrated:

"The Prophet would kiss during the month of fasting."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন